

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪০৯

১/ বিবিধ

আরবী

من احتجم يوم الخميس، فمرض فيه؛ مات فيه
منكر جدا

رواه ابن عساكر (2/397/2) عن أحمد بن محمد بن نصر الضبعي: نا أحمد بن محمد

ابن الليث: نا منصور بن النضر: حدثنا إسحاق بن يحيى بن معاذ قال: كنت عند المعتصم أعوده فقلت: يا أمير المؤمنين أنت في عافية. قال: كيف تقول وقد سمعت الرشيد يحدث عن أبيه المهدي عن أبي جعفر المنصور عن أبيه عن جده عن ابن عباس مرفوعا

قلت: وهذا إسناد مظلّم، مسلسل بمن لا تعرف حالهم

1 - إسحاق هذا، أورده الحافظ في ترجمته ولم يذكر فيه جرحا ولا تعديلا

2 - ومنصور بن النضر، قال الخطيب (3/82)

" من شيعة المنصور

ثم ساق له حديثا آخر، ولم يذكر فيه جرحا ولا تعديلا

3 - وأحمد بن محمد بن الليث، كناه الخطيب (5/84) أبا الحسن، ثم ساق له حديثا

آخر ولم يذكر فيه جرحا ولا تعديلا

4 - وأحمد بن محمد بن نصر الضبعي كناه الخطيب (5/108) أبا بكر، وقال

" روى عنه عبد الله بن عدي الجرجاني وذكر أنه سمع منه بالرقعة
ولم يذكر فيه جرحا ولا تعديلا

والحديث عندي منكر جدا. والله أعلم. وقد أورده السيوطي في " الجامع " من
رواية ابن عساكر هذه، وبيض له المناوي فلم يتكلم عليه بشيء في كل من كتابيه
الفيض " و" التيسير "! فكأنه لم يقف على إسناده

বাংলা

১৪০৯। যে ব্যক্তি বৃহস্পতিবারে শিঙ্গা লাগিয়ে সেদিনে অসুস্থ হয়ে পড়বে সে সেদিনেই মারা যাবে।

হাদীসটি খুবই মুনকার।

হাদীসটিকে ইবনু আসাকির (২/৩৯৭/২) আহমাদ ইবনু মুহাম্মাদ ইবনে নাসর দব্ব'ঈ হতে, তিনি আহমাদ ইবনু মুহাম্মাদ ইবনে লাইস হতে, তিনি মানসূর ইবনুন নাযর হতে, তিনি ইসহাক ইবনু ইয়াহইয়া ইবনে মুয়ায হতে তিনি বলেনঃ আমি আলমু'তাসিমের নিকট তাকে অসুস্থ অবস্থায় দেখার জন্য ছিলাম। আমি তাকে বললামঃ হে আমীরুল মু'মিনীন! আপনি সুস্থই আছেন। তিনি বললেনঃ কিভাবে তুমি এ কথা বলছে এমতাবস্থায় যে, আমি রাশীদকে বলতে শুনেছি তিনি তার পিতা মাহদী হতে, তিনি আবু জাফার মানসূর হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে, তিনি আব্দুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি অন্ধকারাচ্ছন্ন। এতে ধারাবাহিকভাবে সেই সব বর্ণনাকারীদের সমাবেশ ঘটেছে যাদের অবস্থা সম্পর্কে জানা যায় নাঃ

১। হাফিয় ইবনু হাজার এ ইসহাকের জীবনী উল্লেখ করে তার সম্পর্কে ভালোমন্দ কিছুই বলেননি।

২। মানসূর ইবনুন নাযর সম্পর্কে খাতীব বাগদাদী (৩/৮২) বলেনঃ তিনি মানসূরের দলভুক্ত। অতঃপর তিনি তার অন্য একটি হাদীস উল্লেখ করে তার সম্পর্কে ভালো-মন্দ কিছুই বলেননি।

৩। আহমাদ ইবনু মুহাম্মাদ ইবনে লাইসের কুনিয়াত হচ্ছে আবুল হাসান যেমনটি খাতীব বাগদাদী (৫/৮৪) বলেছেন। অতঃপর তিনি অন্য একটি হাদীস উল্লেখ তার সম্পর্কে ভালো-মন্দ কিছুই বলেননি।

৪। আহমাদ ইবনু মুহাম্মাদ ইবনে নাসর দব্ব'ঈর কুনিয়াত হচ্ছে আবু বাকর যেমনটি খাতীব বাগদাদী (৫/১০৮) উল্লেখ করেছেন এবং বলেছেনঃ তার থেকে আব্দুল্লাহ ইবনু আদী জুরজানী বর্ণনা করেছেন এবং উল্লেখ করেছেন যে, তিনি তার থেকে রিক্বাহ নামক স্থানে শুনেছেন। তিনি এর সম্পর্কেও ভালো-মন্দ কিছুই বলেননি।

আমার (আলবানীর) নিকট হাদীসটি খুবই মুনকার।

হাদীসটি সুযূতী "আলজামে" গ্রন্থে ইবনু আসাকিরের বর্ণনায় উল্লেখ করেছেন। আর মানবী হাদীসটি সম্পর্কে তার "আলফায়েয" এবং "আততায়সীর" গ্রন্থে কোন কিছুই বলেননি। সম্ভবত তিনি সনদ সম্পর্কে অবহিত হননি।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72288>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন